



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।  
[www.dae.gov.bd](http://www.dae.gov.bd)

**মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত প্রস্তুতি সভার কার্যবিবরণী**

- ১। সভাপতি : মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ২। সভার তারিখ : ১৮/০২/২০২৪ খ্রি।
- ৩। স্থান : মহাপরিচালক, ডিএই মহোদয়ের সম্মেলন কক্ষ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৪। সভায় উপস্থিত সদস্যদের তালিকা 'পরিশিষ্ট-ক'।
- ৫। আলোচনা ও সিদ্ধান্ত:

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' ২০২৪ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতি গ্রহণের জন্য মহাপরিচালক, ডিএই মহোদয়ের সভাপতিত্বে তাঁর সম্মেলন কক্ষে অদ্য ১৮/০২/২০২৪ খ্রি. তারিখ রবিবার বেলা ১১.০০ ঘটিকায় এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতির অনুমতিক্রমে উপস্থিত সদস্যগণ তাদের বক্তব্য উপস্থাপন করেন। উপস্থিত সকলের বক্তব্যের প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্র. নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১।	আগামী ১৯/০২/২০২৪ খ্রি. তারিখ সকাল ০৮:০০ ঘটিকায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা চত্বরে জমায়ত ও ৮.৩০ মিনিটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন।	মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের নেতৃত্বে
২।	সকাল ০৮.৪৫ মিনিটে কেন্দ্রীয় শহিদ মিনারে ভাষা শহিদদের স্মরণে পুষ্পস্তবক অর্পণের লক্ষ্যে গমন ও শ্রদ্ধা নিবেদন।	মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের নেতৃত্বে
৩।	যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই) সমূহকে স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদযাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অধ্যক্ষ, সংশ্লিষ্ট কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই) সমূহ
৪।	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীনস্থ অঞ্চল, জেলা, উপজেলা পর্যায়ে দপ্তরসমূহ স্থানীয় প্রশাসন কর্তৃক গৃহীত সিদ্ধান্তের সাথে সমন্বয় রেখে যথাযথ মর্যাদায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করবেন।	সংশ্লিষ্ট অফিস প্রধানগণ
৫।	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা চত্বরে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখা।	উপপরিচালক (প্রশাসন), অতিরিক্ত উপপরিচালক (লিসাসা) ও এ.এইচ.এম. দিদারুল আলম, স্টোর অফিসার (ভারপ্রাপ্ত)।
৬।	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীনস্থ কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই), উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র ও হটিকালচার সেন্টারসহ যে সকল দপ্তরে মসজিদ/ধর্মীয় উপাসনালয় আছে সেখানে সুবিধাজনক সময়ে দোয়া মাহফিল/প্রার্থনার আয়োজন করা।	সংশ্লিষ্ট অফিস প্রধানগণ
৭।	কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীনস্থ সকল কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটসহ যে সকল দপ্তরে নিজস্ব অফিস ভবন রয়েছে তাদের সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখা।	সংশ্লিষ্ট অফিস প্রধানগণ

উক্ত সভায় আর কোন আলোচনা না থাকায়, সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/- বাদল চন্দ্র বিশ্বাস

মহাপরিচালক

তারিখ: ১৯/০২/২০২৪ খ্রি।

স্মারক নম্বর: ১২.০১.০০০০.১১১.১২.০০১.২৩/ ৫৬৫

প্রাপক,

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ সচিব মহোদয়ের একান্ত সচিব।


২। পরিচালক..... উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (সকল)।

৩। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা।

৪। অতিরিক্ত পরিচালক, (সকল অঞ্চল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (আপনার অধীনস্থ সকল দপ্তরসমূহকে দিবসটি যথাযথ মর্যাদায় পালনের নির্দেশ প্রদানের অনুরোধসহ)।

৫। প্রকল্প/কর্মসূচী পরিচালক, ..... (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

- ৬। উপপরিচালক (লিসাসা), প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (উল্লিখিত তারিখ কর্মকর্তা/ কর্মচারীদের যাতায়াতের জন্য পরিবহন ব্যবস্থা সচল রাখার অনুরোধসহ)।
- ৭। উপপরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (সভার কার্যবিবরণীটি ডিএই'র ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)।
- ৮। সহকারী পরিচালক (অর্থ), প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (উল্লিখিত তারিখ পুষ্পসুবক অর্পনে প্রয়োজনীয় সংখ্যক পুষ্পসুবক ও ব্যানার ব্যবস্থাকরণের অনুরোধসহ)।
- ৯। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সরকারি গাড়িচালক সমিতি, শাখা কমিটি, খামারবাড়ি, ঢাকা।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, ১৭-২০ গ্রেড সরকারি কর্মচারী সমিতি, খামারবাড়ি উপপরিষদ, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
- ১২। জনাব.....

  
২৩/০২/২০২৪  
(মোঃ জয়নাল আবেদীন)  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
প্রশাসন ও অর্থ উইং  
পক্ষে-মহাপরিচালক  
